গাংনীতে সাইকেল র্যালি দিয়ে যুব দিবস পালন

গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিভিন্ন শ্রেনীর ছাত্রীদের নিয়ে পরিবেশ বান্ধব যানবাহন ব্যবহার করি নির্মল বায়ূ নিশ্চিত করি এবং প্রতিটি রাস্তায় সাইকেল লেন বাস্তবায়ন করি এই প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে সাইকেল র্যালির মাধ্যমে যুব দিবস পালন করা হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টার সময় গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় সহ সারা বাংলাদেশে বিশুদ্ধ বায়ু ও নবায়নযোগ্য জ্বালানি নিয়ে তরুণদের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে এদেশের বেশকিছু স্বেচ্ছাসেবী সংগঠন / এনজিওকে সাথে নিয়ে দ্য আর্থ সোসাইটি বাংলাদেশের গঠিত জাতীয় প্লাটফর্ম ইয়ুথ ফর কেয়ার। জাতীয় যুব দিবসে পরিবেশবাহন যানবাহনের প্রচলন বৃদ্ধি, মহাসড়কগুলোতে সাইকেল লেন নির্মাণ এবং নির্মল বায়ু নিশ্চিত করার দাবিকে সামনে রেখে ইয়ুথ ফর কেয়ার প্লাটফর্মের কমিউনিটি পার্টনারদের উদ্যেগে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় সহ দেশের ৩০ টি জেলায় সাইকেল র্যালি আয়োজিত হয়েছে৷

এ সময় উপস্থিত ছিলেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূর।দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দিন। ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহম্মেদ পলাশ। কাথুলী ইয়ূথ ইউনিট এর কো অর্ডিনেটর রায়হান আলী সহ স্কুলের বিভিন্ন শ্রেনীর ছাত্রীদের নিয়ে সাইকেল র্যালি করা হয়।

গাংনীতে বিশ্ব ডিম দিবসের

আয়োজন

গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিট এর প্রাণিসম্পদ খাতের আওতায় ভাটপাড়া প্রাথমিক বিদ্যালয়ে বিশ্ব ডিম দিবস আয়োজন করা হয়। উক্ত ডিম দিবসে শিক্ষক, শিক্ষার্থী ও অভিবাবক সহ মোট ২১০ জন অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বক্তারা নিয়মিত ডিম খাওয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

বক্তারা বলেন, আমরা সবাই ডিম পছন্দ করি। প্রতিদিন একটি ডিম অনেকেই খান। তবে একটি নয়, দৈনিক দুটি ডিম খেলে মিলতে পারে নানা উপকার।

বিশেষজ্ঞরা জানাচ্ছেন, প্রতিদিন ডিম খেলে বেশ কিছু উপকার হয়। এতে উপকারী কোলেস্টেরলের মাত্রা বৃদ্ধি পায়, যা হৃদরোগের ঝুঁকি কমাতে সাহায্য করে।ডিমে থাকে প্রচুর পরিমাণে ভিটামিন বি, বায়োটিন, থিয়ামিন এবং আরও অনেক উপকারী উপাদান থাকে যা আমাদের ত্বক, চুল এবং নখের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে।প্রতিদিন দুটি করে ডিম খেলে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে।ডিমে রয়েছে ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড এবং অ্যান্টি-অক্সিডেন্টস। এই উপাদান দৃষ্টিশক্তি উন্নত করতে সাহায্য করে। স্মৃতিশক্তি উন্নত করে ও মস্তিষ্ক সচল রাখতে সাহায্য করে।ডিমে রয়েছে প্রচুর পরিমাণে উপকারী উপাদান যা পেশি গঠনে যা অত্যন্ত সহায়ক। যারা ওজন বাড়াতে চাইছেন, তারা নিয়মিত খাবারের তালিকায় ডিম রাখতে পার।আলোচনা অনুষ্ঠান শেষে প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ডিম প্রদান করা হয়। ডিম দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন করা হয়। এসময় শিক্ষার্থীদের নিয়ে রালির আয়োজন করা হয়।উক্ত ডিম দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন ডা: মো: ইমদাদুল হক(মেডিক্যাল অফিসার, গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে)।

এছাড়া উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক ও উপ পরিচালক সহ সংস্থা সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তা ও উপসহকারী বৃন্দ।আরও উপস্থিত ছিলেন ভাটপাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকমন্ডলী সহ ম্যানেজিং কমিটির সদস্যগণ।

[redacted]

[redacted]

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে গাংনী শাখার ভাটপাড়া গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- স্পিডো লিউর, কিউ লিউর, বিএসএফবি লিউর, যা বিভিন্ন ফসলের পোকামাকড় দমনের জন্য ব্যবহ্রত হয় যেমন, লাউ, কুমড়া, শসা, ফুলকপি, বেগুন ঝিঙ্গা,বরবটি ইত্যাদি। পাশাপাশি উপকারভোগীদেরকে উক্ত উপকরন প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

গাংনীতে অবিভাবকদের সাথে শিক্ষকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে অবিভাবকদের সাথে শিক্ষকদের মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের প্রথম কক্ষে আলোচনা শুরু করেন।

শিক্ষাক্রম ২০২৩ নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে ৬ষ্ঠ ও ৭ম শ্রেনীর শিক্ষার্থীদের অবিভাবকদের সাথে অবিভাবক সমাবেশ ও মত বিনিময় করেন।
এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান

রেজার সঞ্চালনায় উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম,সিনিয়র শিক্ষক আবু তাহের সিদ্দিকী, আমজাদ হোসেন,ফিরোজা খাতুন, আইসিটি প্রভাষক জুহিন আলম,সুমনা খাতুনসহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ তার আলোচনায় অবিভাবকদের উদ্দেশ্য করে জানান, বর্তমানে সরকারের শিক্ষা ব্যাবস্থাকে বাস্তবমুখী করে তুলতে নতুন কারিকুলাম এসেছে যার মাধ্যমে ছেলেমেয়েদের মুখস্ত বিদ্যা দূর করে ক্লাসের পড়া ক্লাসেই সম্পূর্ন হবে। ছেলে মেয়েদের যে পড়া করানো হবে তা বাস্তবে ব্যাহারিক করে, বুঝে তার প্রয়োগ সম্পূর্ন করানো হবে।এতে আর ছেলে মেয়েদের মেরে ধরে জোর করে মুখস্থ করানোর সুযোগ নেই।তাই আপনাদের ও সচেতন হতে হবে ছেলে মেয়েদের বাস্তবমুখী লেখা পড়ার ক্ষেত্রে। ছেলে মেয়েদের সাথে বন্ধু সুলভ আচরন করে তাদের কে লেখা পড়ায মনযোগী করতে হবে। আপনার খেয়াল রাখবেন বর্তমানে ছেলেরা মাদকাসক্ত হচ্ছে অল্প বয়সেই।তাই কার সাথে মিশছে কখন বাড়ি ফিরছে এ গুলো লক্ষ রাখবেন। না হলে আপনার সন্তান হুমকির মুখে চলে যাবে যা একটি সমাজ ও জাতির জন্য দুঃখ জনক হবে।

তাই আসুন আপনারা অবিভাবক ও আমরা সকলে মিলে নতুন কারিকুলাম শিক্ষা ব্যাবস্থা কে ছাত্র ছাত্রী যেন রপ্ত করে আগামী জীবন কে আলোকিত করতে পারে।

গাংনীর নবীনপুরে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন

গাংনী উপজেলার নবীনপুর ধলার মাঠে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন করেছেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। আজ সোমবার বিকেলে তিনি মাদ্রাসার উদ্বোধন করেন।

মাদ্রাসার পরিচালক দোয়াত আলীর সভাপতিত্বে আলোচনায় বক্তব্য রাখেন নওয়াপাড়া গ্রামের প্রবীণ আওয়ামীলীগ নেতা জাবের আলী

গাংনীতে উপজেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল

গাংনীতে বিএনপি জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে এবং সারা দেশে বিএনপির ডাকা হরতালে প্রতিবাদে বিক্ষোভ মিসিল ও সমাবেশ করেছে উপজেলা আওয়ামীলীগ।

গতকাল শনিবার সন্ধায় একটি বিক্ষোভ মিছিল গাংনী বাজার বাস স্ট্য্যান্ড থেকে বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। কিক্ষোভ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিক্ষোভ মিছিল শেষে গাংনী বাস স্ট্যান্ড মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিএনপি জামায়াতের নৈরাজ্য ও জ্বালাও পোড়াও বন্ধের দাবী করেন। সেই সাথে বিরোধীদের নৈরাজ্য বন্ধে সকল নেতা কর্মীদের রুখে দাঁড়ানোর আহবান জানান। এসময় উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে শনিবার সকালে গাংনী উপজেলা স্বেচ্ছা সেবক লীগের নেতাকর্মীরা একটি মোটর সাইকেল শোডাউন করেন। শো-ডাউনটি গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় মোহড়া দেয়।

গাংনীতে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছে।

শনিবার বিকেলে গাংনী উপজেলার সাহারবাটি ফুটবল মাঠে নব নির্মিত

শেখ রাসেল মিনি স্টেডিয়ামের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের প্রতিটি উপজেলায় একটি করে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মিত হচ্ছে। যা আওয়ামীলীগ সরকারের আমলে প্রথম। এর আগে কোন সরকার খেলাধুলার প্রতি এত আন্তরিক ছিলেন না বলেই এমন উদ্যোগ নেইনি। বর্তমান শেখ হাসিনা সরকার দেশব্যাপী উন্নয়নের মধ্যে এটিও একটি অন্যতম উন্নয়ন। তিনি আরও বলেন, দেশে উন্নয়ন টিকিয়ে রাখতে হলে নৌকা মার্কায় ভোট দেয়ার কোন বিকল্প নেই। রাতে একটু শান্তিতে ঘুমাতে চাইলে এবং গোয়ালের গরু রাখতে হলে আবারও শেখ হাসিনার নৌকা মার্কায় ভোট দিতে হবে।

তিনি বলেন,দেশের উন্নয়ন চাইনা যারা তারাই আজ মাঠে নেমে নৈরাজ্য সৃষ্টি করছে। ওইসব নৈরাজ্য সৃষ্টিকারী বিএনপি জামাতের কাউকে ছাড় দেয়া হবেনা। আমরা আওয়ামীলীগের কর্মী হিসেবে সকল প্রতিহিংসা,ষড়যন্ত্র মোকাবেলা কেও আবারও নৌকার বিজয় ছিনিয়ে নেব।

সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তৌহিদ মূর্শেদ অতুলের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কাজিপুর ইউয়িন পরিষদ চেয়ারম্যান আলম হুসাইন,কাথুালী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা। গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন-এমপি পত্নী লাইলা আরজুমান শিলা,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার ও মনিজ্জামাান আতু প্রমুখ।

অনুষ্ঠানে সাহারবাটি ওয়ার্ড আওয়ামীলীগ নেতা আতাউর রহমান টোকন, জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি রাকিবুল ইসলাম টুটুল, গ্রামের প্রাক্তন ফুটবল খেলোয়াড় তামজিদুর রহমান মুক্তি,গাংনী উপজেলার ভিভিন্ন এলাকার আওয়ামীলীগের নেতা-কর্মীগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে নওপাড়া ভাটপাড়া গ্রামে ইসরাইল বিরোধী বিক্ষোভ মিছিল

গাংনী উপজেলার নওয়াপাড়া ও ভাটপাড়া গ্রামে ইসরাইল বিরোধী বিক্ষোভ মিছিল করেছে স্থানীয়রা। ইসরাইলি পণ্য বর্জন ও ইসরাইলের হাতে নির্মম ভাবে শিশুসহ সাধারণ মানুষ হত্যার তিব্র প্রতিবাদ জানানো হয়। একই সাথে সারা বিশ্বের মুসলিমদের এক হয়ে ফিলিস্তিনের পক্ষ নিয়ে ইসরাইলদের ধ্বংশ করার আহবান জানানো হয়।

গতকাল শুক্রবার জুম্মার সালাত আদায়ের পর নওপাড়া বাজার থেকে একটি রেলি বের হয়ে আশপাশের বেশ কয়েকটি সড়ক প্রদক্ষিণ করেন। পরে নওপাড়া বাজারে সমাবেশ অনুস্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখন ভিটাপাড়া জামে মসজিদের ইমাম মওলানা মোঃ ফিরোজ হোসেন,নওপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা মোঃ জাহিদ আল হাবিবি।

নওপাড়া, ভাটপাড়া গ্রাম বাসীর আয়োজনে মিছিলে নেতৃত্ব দেন রবিউল ইসলাম রুবেল ও মিরাজুল ইসলাম মিলন।

গাংনীতে দেশী মুরগী পালনে প্রদর্শনীর উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ১৮ জন উপকারভোগীর মাঝে বিশেষ আবাসন নিশ্চত করে আধা বাণিজ্যিক ভাবে দেশী মুরগী পালন প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

সংস্থার বামুন্দী শাখার তেরাইল গ্রামে বিশেষ আবাসন নিশ্চত করে দেশী মুরগী পালন বিষয়ক প্রদর্শনীর এই উপকরণ সমূহ বিতরণ করা হয়। দেশী জাতের মুরগীর জাত সংরক্ষণ ও এর উৎপাদন বৃদ্ধি করায় এ প্রদর্শনীর মূল লক্ষ্য।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ১৮ টি রাত্রি কালীন মুরগির ঘর,

১৮ টি ক্রিপারসহ খাঁচা, ৩৬ টি ডিম ফুটানোর নেস্ট, জীবাণুনাশক, স্প্রে মেসিং সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। এর পাশাপাশি উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অনান্য সদশ্য বৃন্দ।